দৈনিক জনকণ্ঠ

তারিখ ... APR 2 3 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

415

# ঢাঃ বিঃ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ৩শ' মনোনয়নপত্র জমা

মামুন-অর-রশীদ ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধির ২৫ সদস্য পদ নির্বাচনে তিন শতাধিক মনোনয়নপত্র জমা পড়েছে। নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক (মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি), বামফ্রন্ট সমর্থক ('৭২'র সংবিধানের চার মূলনীতি অনুসারী) এবং বিএনপি-জামায়াত সমর্থক গোষ্ঠী পৃথক তিনটি প্যানেল নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করছে। এ তিনটি প্যানেলের বাইরে কিছু স্বতন্ত্র প্রার্থী রয়েছেন। বুধবার ছিল মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। বিকাল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা নেয়া হয়েছে।

আগামী ৬ জুন থেকে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচনের ভোটগ্রহণ শুরু হচ্ছে। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের ২০ (১) ক ধারা অনুযায়ী প্রতি তিন বছর পর পর এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনে সারা দেশে মোট ভোটারের সংখ্যা ৩১ হাজার ৪শ' ২৪, সারা দেশে মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৩৭টি। এর মধ্যে ঢাকায় ২টি এবং ঢাকার বাইরে ৩৫টি। প্রতিটি বিভাগীয় শহরে একটি করে ভোট কেন্দ্র আছে। যে সব জেলায় কমপক্ষে ৫০ জন ভোটার আছে সেসব জায়গায় জেলাসদরে একটি করে ভোট কেন্দ্র আছে। সমগ্র দেশের মধ্যে একটিমাত্র ভোট কেন্দ্র আছে থানা শহরে। এটি গৌরীপুর থানায়। এ থানায় ভোটারের সংখ্যা ২শ' ৯০।

আগামী ২৫ এপ্রিল মনোনয়নপত্র বাছাই করা হবে। ৬ মে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ৯ মে প্রার্থীদের চূড়ান্ত তালিকা টানিয়ে দেয়া হবে। ৬ জুন এবং ১০ জুন ঢাকার বাইরের কেন্দ্রগুলোতে ভোটগ্রহণ চলবে, ১৫ এবং ১৬ জুন দু'দিনব্যাপী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং শরীরচর্চা কেন্দ্রে ভোটগ্রহণ চলবে। সকাল ১০টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে বিকাল পর্যন্ত চলবে। একজন ভোটার তাঁর পরিচয়পত্র দেখিয়ে নিজ এলাকায় ভোট দিতে পারবেন। যদি কেউ নিজ এলাকার ভোটকেন্দ্রে ভোট দিতে বিশেষ কোন কারণে ব্যর্থ হন তবে ঢাকার কেন্দ্র দু'টির একটিতে ভোট দিতে পারবেন। পরিচয়পত্র ছাড়া কাউকেই ভোট দিতে দেয়া হবে না। প্রত্যেক ভোট কেন্দ্রের জন্য একজন করে প্রিসাইডিং অফিসার ও একাধিক পোলিং অফিসার থাকবে।